# জাবেদার শ্রেণিবিভাগ


**ইউনিট**
**7**

**এই ইউনিটের পাঠসমূহ**

৭.১ ঃ ক্রয় বহি ও বিক্রয় বহি
৭.২ ঃ ক্রয় ফেরত ও বিক্রয় ফেরত বহি
৭.৩ ঃ নগদান বই ও সাধারন জাবেদা

**ভূমিকাঃ** ছোট ছোট ব্যবসায় প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেনগুলোকে একটি মাত্র সাধারণ জাবেদা বই এ দাখিলা দিয়ে হিসাব রাখা যায়। কিন্তু ব্যবসায়ের আকার আকৃতি বৃদ্ধি পাওয়ার সাথে সাথে লেনদেনের সংখ্যাও বেড়ে যায়। সুতরাং হিসাবরক্ষকের পক্ষে এতগুলো লেনদেন সঠিক ভাবে লিপিবদ্ধ করে রাখা সম্ভব পর হয়ে উঠে না। তাই সময় সাশ্রয় এবং কাজের ঝামেলা হ্রাস করার জন্য লেনদেনগুলোকে তাদের নিজস্ব প্রকৃতি অনুযায়ী বিভিন্ন প্রকার জাবেদা বই এ হিসাব লিপিবদ্ধ করা হয়। এ কারণেই জাবেদাকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করার প্রয়োজন হয়ে পড়ে। নিচে জাবেদার শ্রেণিবিভাগ দেওয়া হলোঃ-

| | |
|---|---|
| **ইউনিট সমাপ্তির সময়** | **ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময়  ১ সপ্তাহ** |



**বিশেষ জাবেদা ঃ** ব্যবসায়ের লেনদেনগুলো বিশেষ জাবেদা বই এ লেখা হলে তাকে বিশেষ জাবেদা বলে।

**প্রকৃত জাবেদা বা সাধারণ জাবেদাঃ-** যে সকল লেনদেনগুলো বিশেষ জাবদা বই এ লিপিবদ্ধ হয় না তাকে প্রকৃত জাবেদা বা সাধারণ জাবেদা বলে।

**জাবেদার শ্রেণিবিভাগের সুবিধাঃ-** বড় বড় প্রতিষ্ঠানে লেনদেনের সংখ্যা বেশি হওয়ার কারণে জাবেদাকে বিভিন্ন শ্রেণিতে বিভক্ত করা হয়। জাবেদার শ্রেণিবিভাগের সুবিধা সমূহ নিম্নে আলোচনা করা হলোঃ-

**১। সময় হ্রাসঃ-** ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলোকে তাদের প্রকৃতি অনুযায়ী জাবেদা বই এ লিপিবদ্ধ করা হয় বলে সময়ের অপচয় হ্রাস পায়।

**২। জাবেদার আকার হ্রাসঃ-** সংঘটিত লেনদেনগুলো একটি বইতে লিপিবদ্ধ না হয়ে বিভিন্ন বইতে লিপিবদ্ধ হয় বলে ঐরূপ জাবেদা বই এর আকার ছোট হয়।

**৩। জাল জুয়াচুরি রোধঃ-** ব্যবসায়ের সংঘটিত লেনদেনগুলো একজন হিসাবরক্ষক লিপিবদ্ধ করেন না। লেনদেনগুলো বিভিন্ন হিসাবরক্ষক ভিন্ন ভিন্ন বইতে লিপিবদ্ধ করে থাকেন। ইহার ফলে ভুলত্রুটি বা জাল জুয়াচুরি হওয়ার সম্ভবনা হ্রাস পায়।

**৪। তথ্য সরবরাহঃ-** তথ্য ব্যবহারকারীকে চাহিদা অনুযায়ী দ্রুত সময়ে তথ্য সরবরাহ করা যায়।

**৫। কর্ম দক্ষতা বৃদ্ধিঃ-** বিভিন্ন হিসাবরক্ষক ভিন্ন ভিন্ন জাবেদা বই এ লেনদেনগুলোকে লিপিবদ্ধ করেন। ইহার ফলে তাদের কাজের দক্ষতা বৃদ্ধি পায়।

## পাঠ-৭.১ ক্রয় বই ও বিক্রয় বই

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- ক্রয় বইয়ের নমুনা অংকন করতে পারবেন।
- ক্রয় বইয়ের কোন ধরনের লেনদেন লিপিবদ্ধ হবে তা লিখতে পারবেন।
- চালানের নমুনা অংকন করতে পারবেন।
- বিক্রয় বইয়ের নমুনা অংকন করতে পারবেন।
- বিক্রয় বইতে কোন ধরনের লেনদেন লিপিবদ্ধ হবে তা লিখতে পারবেন।

| | |
|---|---|
| **মূখ্য শব্দ (Key Words)** | ক্রয় বই, ক্রয় ফেরত বই, বিক্রয় বই, বিক্রয়ফেরত বই, চালান, ডেবিট নোট, দেনালিপি ক্রেডিট নোট, সাধারণ জাবেদা, প্রকৃত জাবেদা। |

**ক্রয় বই ঃ** ধারে পণ্য ক্রয় সংক্রান্ত লেনদেনগুলো এই বইতে লেখা হয়। নগদ ক্রয় বা কোন সম্পদ কেনা হলে এই বইতে লেখা হয় না। নিচে এই বইয়ের নমুনা দেওয়া হলোঃ-

**ক্রয় বই**

| তারিখ | বিবরণ | চালান নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**অংকনের বর্ণনাঃ** ক্রয় বইতে মোট ৬ টি ঘর থাকে। তা নিচে বর্ণনা করা হলো ঃ-

১। **তারিখের ঘরঃ** সংঘটিত লেনদেনগুলোর তারিখ এই ঘরে লিখতে হবে।

২। **বিবরণের ঘরঃ** যাদের কাছ থেকে ধারে মাল ক্রয় করা হয় এই ঘরে তাদের নাম “শিরোনাম” হিসেবে লিখতে হবে এবং মালের দর, পরিমান ও বিস্ড়ারিত বিবরণসহ লিখতে হবে। প্রতিটি হিসাবের জন্য দাগ টেনে আলাদা করতে হবে।

৩। **চালানের ঘরঃ** ক্রীত মাল বিক্রেতা প্রেরণের সময় মালের সাথে একটি চালান প্রেরণ করেন। উক্ত চালানের ক্রমিক নম্বর এই ঘরে লিখতে হবে।

৪। **খতিয়ান পৃষ্ঠার ঘরঃ** জাবেদা বই হতে লেনদেনগুলোর হিসাব খতিয়ান বইতে স্থানান্ড়রের সময় খতিয়ান বইয়ের কত নম্বর পৃষ্ঠায় লেখা হলো তা এই ঘরে লিখতে হবে।

৫। **বিস্ড়ারিত টাকার ঘরঃ** বিভিন্ন ব্যাক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে ধারে মাল ক্রয়ের বিস্ড়ারিত টাকার পরিমান এই ঘরে লিখতে হয়। কারবারী বাট্টা থাকলে বাদ দিতে হবে এবং পরিবহন ব্যয় থাকলে তা যোগ করতে হবে।

৬। **টাকার ঘরঃ** বিস্ড়ারিত টাকার ঘরে আলাদা শিরোনামের অধীনে লিখিত টাকার পরিমান থেকে বাট্টা বাদ দিয়ে এবং পরিবহন খরচ যোগ করে টাকার ঘরে লিখতে হবে।

**চালানঃ** বিক্রেতা পণ্য বিক্রয়ের সাথে এক কপি চালান ক্রেতার নিকট প্রেরণ করে থাকেন। এই চালানে মালের দর, পরিমান এবং চালানের ক্রমিক নং উলে- খ থাকে। নিচে চালানের নমুনা দেওয়া হলোঃ-

**চালান পত্রের নমুনা**

ক্রমিক নং ০১২ শর্তাবলী 2/10 net 30 টাংগাইল

তাং ১০/০২/২০১৫

মানিক এন্ড ব্রাদার্স
মেইন রোড, নাগরপুর--------ডেটর
বৃষ্টি ট্রেডার্স
ভিক্টোরিয়া রোড, টাংগাইল--------ক্রেডিট টাকা
টাকা

| | | |
|---|---|---|
| প্রতি টিন ২,০০০ টাকা করে ১০ টিন সরিষার তেল | ২০,০০০ | |
| প্রতি লিটার ১০০ টাকা ১,০০০ লিটার সোয়াবিন তেল | ১,০০,০০০ | |
| | ১,২০,০০০ | |
| বাদ কারবারী বাট্টা ২% | ২,৪০০ | |
| | | ১,১৭,৬০০ |

স্বাক্ষর
ম্যানেজার
বৃষ্টি ট্রেডার্স

ভুল ত্রুটি সংশোধন যোগ্য।

**উদাহরণ ১ ঃ** করিম এন্ড সন্স এর ক্রয় বইতে নিম্নলিখিত লেনদেনগুলো লিপিবদ্ধ কর এবং সংশ্লিষ্ট খতিয়ানে স্থানান্তর করঃ
২০১৫
জানুঃ-১ রাজশাহীর রহিম এন্ড সন্সের নিকট হতে প্রতি কেজি ৪০ টাকা দরে ২,০০০ কেজি চাল ক্রয় করা হলো চালান নং ৮৩, কারবারী বাট্টা ১০%।
জানুঃ-১৬ সিলেটের লিটন এন্ড সন্স এর নিকট হতে প্রতি মন ১,০০০ টাকা দরে ৫০ মন গম এবং প্রতি মন ৮০০ টাকা দরে ১০০ মন ধান ক্রয় করা হলো। চালান নং ৭০, কারবারী বাট্টা ১০% এবং উক্ত চালানে প্যাকিং ও গাড়ী ভাড়া বাবদ ৩০০০ টাকা ধরা হয়েছে।

জানুঃ-৩০ টাংগাইলের কাশেম ব্রাদার্স এর নিকট হতে প্রতি কেজি ৫০ টাকা দরে ১০০ কেজি খেসারির ডাল ক্রয় করা হয়েছে। চালান নং ৩০

**সমাধানঃ- করিম এন্ড সন্স এর ক্রয় বহি**

| তারিখ | বিবরণ | চালান নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৫<br>জানুঃ-১ | রহিম এন্ড সন্স রাজশাহীঃ- প্রতি কেজি ৪০ টাকা দরে ২,০০০ কেজি চাল<br>বাদ -কারবারী বাট্টা ১০% | ৮৩ | | ৮০,০০০<br>৮,০০০ | ৭২,০০০ |
| জানুঃ-১৬ | লিটন এন্ড সন্স, সিলেট:- প্রতি মন ১,০০০ টাকা করে ৫০ মন গম, প্রতি মন ৮০০ টাকা দরে ১০০ মন ধান<br>বাদ -কারবারী বাট্টা ১০%<br>+যোগ প্যাকিং ও গাড়ী ভাড়া। | | | ৫০,০০০<br>৮০,০০০<br>১,৩০,০০০<br>১৩,০০০<br>১,১৭,০০০<br>৩,০০০ | ১,২০,০০০ |
| জানুঃ-৩০ | কাশেম ব্রাদার্স, টাঙ্গাইলঃ প্রতি কেজি ৫০ টাকা দরে ১০০ কেজি খেসারির ডাল | | | ৫,০০০ | ৫,০০০ |
| | মোট পাওনাদার/ প্রদেয় হিঃ | | | | ১,৯৭,০০০ |

**জাবেদা দাখিলা**

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেঃ | ক্রেঃ |
|---|---|---|---|---|
| ২০১৫<br>জানুঃ- ৩১ | ক্রয় হিসাব ডেবিট<br>বিবিধ পাওনাদার/ প্রদেয় হিসাব ক্রেডিট<br>(কারণ ধারে মাল ক্রয় করা হলো।) | | ১,৯৭,০০০ | ১,৯৭,০০০ |

করিম এন্ড সন্স এর

(ক) সাধারণ খতিয়ান বহি (T ছক)

১. ক্রয় হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫<br>জানুঃ-৩১ | পাওনাদার/ প্রদেয় হিঃ ক্রেঃ | | ১,৯৭,০০০ | | | | |

২। বিবিধ পাওনাদার/ প্রদেয় হি:

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পৃঃ | |
| | | | | ২০১৫ জানুঃ- ৩১ | ক্রয় হিঃ ডেঃ | | ১,৯৭,০০০ |

(খ) সহকারী/ সাহায্যকারী-খতিয়ান

১. রহিম এন্ড সন্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫ জানুঃ- ১ | ক্রয় হিঃ ডেঃ | | ৭২,০০০ |

২। লিটন এন্ড সন্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫ জানুঃ-১৬ | ক্রয় হিঃ ডেঃ | | ১২,০০০ |

৩। কাসেম ব্রার্দাসের হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫ জানুঃ-৩০ | ক্রয় হিঃ ডেঃ | | ৫০০০ |

**বিক্রয় বইঃ** ধারে মাল বিক্রয় সংক্রান্ত লেনদেনসমূহ এই বইতে লিপিবদ্ধ করা হয়। নগদ বিক্রয় বা কোন সম্পত্তি বিক্রয় সংক্রান্ড় লেনদেনসমুহ এই বইতে লেখা হয় না। এই বইয়ের নমুনা ছক পূর্বে অংকিত ক্রয় বইয়ের নমুনা ছকের অনুরূপ।

**উদাহরণ ২ঃ** নিম্নলিখিত লেনদেনগুলো সজীব ট্রেডার্সের বিক্রয় বইতে লিপিবদ্ধ করুন এবং সংশ্লিষ্ট খতিয়ানে স্থানান্তর করুন।

২০১৫

ফ্রেব্রুয়ারীঃ -১ শিল্পি ট্রেডার্স, ঢাকাঃ- প্রতি ডজন ৪০ টাকা দরে ১০০ ডজন বলপেন বিক্রয়। চালান নং ১০, কারবারী বাট্রা ১০%।

ফ্রেব্রুয়ারীঃ -১৫ মর্ডান ট্রেডার্স, রাজশাহীঃ প্রতি কার্টুন ২০০ টাকা দরে ১০০ কার্টুন লাক্স সাবান এবং প্রতি কার্টুন ১৫০ টাকা দরে ১০০ কার্টুন কস্‌কো সাবান বিক্রয়। চালান নং ১১ কারবারী বাট্রা ১০%, পরিবহন খরচ ১,০০০ টাকা।

ফ্রেব্রুয়ারীঃ -২৮ সুমন ট্রেডার্স, জামালপুরঃ প্রতি রীম ৩০০ টাকা দরে ১০০ রীম কাগজ বিক্রয়। চালান নং ১২, কারবারী বাট্রা ১০% এবং নগদ বাট্রা ৫%।

সমাধানঃ-

সজীব ট্রেডার্সের বিক্রয় বই

| তারিখ | বিবরণ | চালান | খঃ পৃঃ | বিস্ড়ারিত | টাকা |
|---|---|---|---|---|---|

| | | নং | | টাকা | |
|---|---|---|---|---|---|
| ২০১৫<br>ফেব্রুঃ-১ | শিল্পি ট্রেডার্স, ঢাকাঃ- প্রতি ডজন ৪০ টাকা দরে ১০০ ডজন বলপেন বিক্রয়<br>বাদ কারবারী বাট্রা ১০% | ১০ | | ৪,০০০<br>৪০০ | ৩,৬০০ |
| ফেব্রুঃ-১৫ | মর্ডাণ ট্রেডার্স, রাজশাহীঃ-<br>প্রতি কার্টুন ২০০ টাকা ,<br>দরে ১০০ কার্টুন লাক্স সাবন,<br>প্রতি কার্টুন ১৫০ টাকা<br>দরে ১০০ কস্‌কো সাবান<br>বাদ- কারবারী বাট্টা ১০%<br><br>যোগ- পরিবহন ব্যয় | ১১ | | ২০,০০০<br>১৫,০০০<br>৩৫,০০০<br>৩৫০০<br>৩১,৫০০<br><br>১,০০০ | |
| ফেব্রুঃ-২৮ | সুমন ট্রেডার্স, জামালপুরঃ-<br>প্রতি রীম ৩০০ টাকা দরে ১০০ রীম কাগজ<br>বাদ কারবারী বাট্টা | | | ৩০,০০০<br>৩,০০০ | ৩২,৫০০<br>২৭,০০০ |
| | মোট দেনাদার/প্রাপ্য হিঃ | | | | ৬৩,১০০ |
| টীকাঃ বাট্টা সময়ের মধ্যে টাকা আদায় হলে নগদ বাট্টা প্রদান করতে হবে। | | | | | |

জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেঃ | ক্রেঃ |
|---|---|---|---|---|
| ২০১৫<br>ফেব্রুঃ-২৮ | বিবিধ দেনাদার/ প্রাপ্য হিঃ ডেঃ বিক্রয় হিঃ ক্রেঃ | | ৬৩,১০০ | ৬৩,১০০ |

সজীব এন্ড সন্স এর

(ক) সাধারণ খতিয়ান

১। বিক্রয় হিঃ (T ছক)

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫<br>ফেব্রুঃ-২৮ | বিবিধ দেনাদার/ প্রাপ্য হিঃ ডেঃ | | ৩৬,১০০ |

২. বিবিধ দেনাদার/ প্রাপ্য হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫<br>ফেব্রুঃ-২৮ | বিক্রয় হিঃ ক্রেঃ | | ৬৩,১০০ | | | | |

সহকারী/ সাহায্যকারী খতিয়ান

১। শিল্পি ট্রেডার্স

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ ফেব্রুঃ-১ | বিক্রয় হিঃ ক্রেঃ | | ৩৬০০ | | | | |

২. মডার্ন ট্রেডার্স

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ ফেব্রুঃ-১৫ | বিক্রয় হিঃ ক্রেঃ | | ৩২,৫০০ | | | | |

৩. সুমন ট্রেডার্স

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ ফেব্রুঃ-২৮ | বিক্রয় হিঃ ক্রেঃ | | ২৭,০০০ | | | | |

**সৃজনশীল অংকের উদাহরণ**

**উদাহরণ ৩ ঃ** রহিম ট্রেডার্স, ঢাকাঃ- এর নিম্নলিখিত লেনদেনগুলো ধারে ক্রয় সংক্রান্ত তথ্যাবলীঃ-

২০১৫

জানুয়ারীঃ-১ করিম ট্রেডার্স, মানিকগঞ্জঃ- প্রতি লিটার ১২০ টাকা দরে ১০০ লিটার সোয়াবিন তেল ক্রয় করা হলো। চালান নং ২, কারবারী বাট্টা ৫%।

জানুয়ারীঃ-৩০ মালেক ট্রেডার্স, খুলনাঃ- প্রতি লিটার ১৪০ টাকা দরে ১০০ লিটার সরিষার তেল ক্রয় করা হলো। চালান নং ৩, কারবারী বাট্টা ১০%

(ক) কারবারী বাট্টার পরিমান কত?

(খ) ক্রয় বই প্রস্তুত করুণ।

(গ) সাধারণ খতিয়ান এবং সহকারী খতিয়ান প্রস্তুত করুণ।

সামাধানঃ

(ক) কারবারী বাট্টা নির্ণয়ঃ টাকা

| তারিখ | | | |
|---|---|---|---|
| ২০১৫<br>জানুঃ- ১<br>জানুঃ- ৩০ | করিম ট্রেডার্সের নিকট হতে বাট্টা ১২০×১০০=<br>মালেক ট্রেডার্সের নিকট হতে বাট্টা ১৪০×১০০=<br>মোট কারবারী বাট্টা | ১২,০০০×৫%<br>১৪,০০০×১০% | ৬০০<br>১,৪০০<br><br>২,০০০ |

(খ) রহিম ট্রেডার্সের ক্রয় বই

| তারিখ | বিবরণ | চালান নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২০১৫ জানুঃ ১ | করিম ট্রেডার্স, মানিকগঞ্জঃ- প্রতি লিটার ১২০ টাকা দরে ১০০ লিটার সয়াবিন তেল<br>বাদ- কারবারী বাট্টা ৫% | ২ | | ১২,০০০<br>৬০০ | ১১,৪০০ |
| জানুঃ-৩০ | মালেক ট্রেডার্স, খুলনাঃ- প্রতি লিটার ১৪০ টাকা দরে ১০০ লিটার সরিষার তেল<br>বাদ -কারবারী বাট্টা ১০% | ৩ | | ১৪,০০০<br>১,৪০০ | ১২,৬০০ |
| মোট পাওনাদার/ প্রদেয় হিঃ- | | | | | ২৪,০০০ |

(গ) সাধারণ খতিয়ান

১. ক্রয় হিসাব

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ জানুঃ-৩০ | বিবিধ পাওনাদার ক্রেঃ<br>ব্যালেন্স বি/ডি | | ২৪,০০০<br>২৪০০০<br>২৪০০০ | ২০১৫ জানু ৩১ | ব্যালেন্স সি/ডি | | ২৪০০০<br>২৪০০০ |

২. বিবিধ পাওনাদার হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ জানুঃ-৩১ | ব্যালেন্স সি/ডি | | ২৪,০০০<br>২৪,০০০ | ২০১৫ জানু ৩০<br>২০১৫ ফেরুঃ -১ | ক্রয় হিসাব যে,<br>ব্যালেন্স বিডি | | ২৪০০০<br>২৪০০০<br>২৪০০০ |

সহকারী খতিয়ান

১. করিম ট্রেডার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ জানুঃ-৩১ | ব্যালেন্স সি/ডি | | ১১,৪০০<br>১১,৪০০ | ২০১৫ জানু ৩০- ২০১৫ ফেব্রুঃ -১ | ক্রয় হিসাব ডে,<br>ব্যালেন্স বিডি | | ১১৪০০<br>১১৪০০<br>১১৪০০ |

২. মালেক ট্রেডার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ জানুঃ-৩১ | ব্যালেন্স সি/ডি | | ১২,৬০০<br>১২,৬০০ | ২০১৫ জানু ৩০-<br>২০১৫ ফেব্রুঃ -১ | ক্রয় হিসাব ডে,<br>ব্যালেন্স বিডি | | ১২৬০০<br>১২৬০০<br>১২৬০০ |

**উদাহরণ** ৪ ঃ রানা ট্রেডার্স, টাঙ্গাইল এর নিম্নলিখিত লেনদেনগুলো ধারে মাল বিক্রয় সংক্রান্ত তথ্যাদি :-

২০১৫ ফ্রেব্রুয়ারী ০১ রহিম ট্রেডার্স, নাগরপুর, প্রতি মন ১৬০০ টাকা দরে ৫০ মন ছোলা এবং প্রতি কেজি ১০০ টাকা দরে ২০০ কেজি মসুর ডাল বিক্রয়, চালান নং ৫, কারবারী বাট্টা ১০%, পরিবহন খরচ ১,০০০/-

২০১৫ ফ্রেব্রুয়ারী ২৮ কাজল ট্রেডার্স, কালিহাতী প্রতি বস্ড়া ২,০০০ টাকা দরে ১০ বস্ড়া চাল এবং প্রতি কেজি ৫০ টাকা দরে ১০০ কেজি চিনি বিক্রয়। চালান নং ১০, পরিবহন খরচ ৫০০ টাকা।

ক) মোট দেনাদারের মধ্যে পরিবহন খরচ কত?
খ) বিক্রয় বই প্রস্তুত করুণ।
গ) সাধারণ জাবেদা দাখিলা সহ খতিয়ানে স্থানান্তর করুণ।

সমাধান ঃ (ক) দেনাদারের মধ্যে পরিবহন খরচ যুক্ত আছে।
রহিম ট্রেডার্সের পরিবহন খরচ = ১০০০
কাজল ট্রেডার্সের পরিবহন খরচ = ৫০০
মোট পরিবহন খরচ = ১,৫০০/-

(খ) রানা ট্রেডার্সের বিক্রয় হিঃ

| তারিখ | বিবরণ | চালান নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৫ | রহিম ট্রেডার্স, নাগরপুরঃ- | | | | |
| ফেব্রুঃ-১ | প্রতি মন ১,৬০০ টাকা দরে ৫০ মন ছোলা, | ৫ | | ৮০,০০০ | |
| | প্রতি কেজি ১০০ টাকা দরে ২০০ কেজি | | | ২০,০০০ | |
| | মসুর ডাল | | | ১,০০,০০০ | |
| | | | | ১০,০০০ | |
| | বাদ -কারবারী বাট্টা ১০% | ১০ | | ৯০,০০০ | |
| | | | | ১,০০০ | ৯১,০০০ |
| | যোগ- পরিবহন খরচ | | | | |
| ফেব্রুঃ-২৮ | কাজল ট্রেডার্স, কালিহাতীঃ- | | | ২০,০০০ | |
| | প্রতি বস্তা ২,০০০ টাকা দরে ১০ বস্তা চাল | | | ৫,০০০ | |
| | প্রতি কেজি ৫০ টাকা দরে ১০০ কেজি চিনি | | | ১,০০০ | ২৬,০০০ |
| | যোগ- পরিবহন খরচ | | | | ১,১৭,০০০ |

রানা ট্রেডার্স এর জাবেদা বই

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেঃ | ক্রেঃ |
|---|---|---|---|---|
| ২০১৫ | রহিম ট্রেডার্স হিঃ ডেঃ | | ৯১,০০০ | ৯১,০০০ |
| ফেব্রুঃ-১ | বিক্রয় হিঃ ক্রে | | | |
| | (কারণ ধারে মাল বিক্রয় করা হলো) | | | |
| ফেব্রুঃ-২৮ | কাজল ট্রেডার্স হিঃ ডেঃ | | | |
| | বিক্রয় হিঃ ক্রেঃ | | ২৬,০০০ | |
| | (কারণ ধারে মাল বিক্রয় করা হলো) | | | ২৬,০০০ |

খতিয়ান বহি

১। রহিম ট্রেডার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫<br>ফেব্রুঃ-১ | বিক্রয় হিঃ ক্রে | | ৯১,০০০ | | | | |

২। কাজল ট্রেডার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫<br>ফেব্রুঃ-২৮ | বিক্রয় হিঃ ক্রে | | ২৬,০০০ | | | | |

৩। বিক্রয় হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | ব্যালেন্স বিডি | | | ২০১৫<br>ফেব্রুঃ-১<br>ফেব্রুঃ-২৮ | রহিম ট্রেডার্স ডেঃ<br>কাজল ট্রেডার্স ডেঃ | | ৯১,০০০<br>২৬,০০০ |

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (নিজে করি) /শিক্ষার্থীর কাজ** | মাল বিক্রয়ের একটি নমুনা চালান অংকন করুণ।<br>মাল ক্রয়ের একটি নমুনা চালান অংকন করুণ। |

## সারসংক্ষেপ:

সাধারণত: বড় বড় প্রতিষ্ঠানে জাবেদা প্রস্তুত না করে ক্রয় বিক্রয় সংক্রান্ত লেনদেনসমূহ ক্রয় বই বা বিক্রয় বইতে লিপিবদ্ধ করে থাকে।

## পাঠোত্তর মূল্যায়ন-৭.১

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। কোন ধরনের প্রতিষ্ঠানের জন্য জাবেদার শ্রেণিবিভাগের প্রয়োজন হয়?
(ক) ছোট প্রতিষ্ঠানের ক্ষেত্রে (খ) বড় ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে
(গ) মাঝারী প্রতিষ্ঠনের ক্ষেত্রে (ঘ) ছোট বড় সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে

২। জাবেদার শ্রেণিবিভাগ প্রধানত কয় ভাগে বিভক্ত?
(ক) ২ ভাগে (খ) ৩ ভাগে
(গ) ৪ ভাগে (ঘ) ৫ ভাগে

৩। প্রকৃত জাবেদায় কোন ধরনের লেনদেন লিপিবদ্ধ হয়?
(ক) ধারে ক্রয় (খ) ধারে বিক্রয়
(গ) ক্রয় ফেরত (ঘ) প্রারম্ভিক জাবেদা

৪। কিসের উপর ভিত্তি করে ক্রয় বই ও বিক্রয় বই লেখা হয়?
(ক) নগদান বই
(খ) ক্যাশ মেমো
(গ) চালানের কপি
(ঘ) মোবাইল ফোনে

*** নিচের উদ্দিপকটি পড় এবং ৫-৭ নং প্রশ্নের উত্তর দাওঃ-**

ACI কোম্পানীর দৈনন্দিন লেনদেনসমুহ একটি মাত্র জাবেদা বইতে হিসাব সংরক্ষণ করেন। কিন্তু কোম্পানীর লেনদেনের সংখ্যা অনেক। বছর শেষে হিসাব পরীক্ষা কাজে প্রয়োজনীয় তথ্য পাওয়া কঠিন ও সময় সাপেক্ষ হয়ে পড়ে।

৫। ACI কোম্পানীর কোন ধরনের বই এ হিসাব রাখা উচিত?
(ক) হিসাবের প্রাথমিক বই
(খ) সহকারী বই
(গ) পাকা বই
(ঘ) প্রকৃত জাবেদা বই

৬। নিরীক্ষা কাজের জন্য হিসাবের কোন বই বেশী প্রয়োজন?
(ক) সহকারী বই
(খ) হিসাবের প্রাথমিক বই
(গ) প্রকৃত জাবেদা বই
(ঘ) পাকা বই

৭। দ্রুত বিস্তারিত তথ্য পাওয়া যায় কোন বইতে?
(ক) সহকারী বই
(খ) পাকা বই
(গ) সাধারন জাবেদা বই
(ঘ) সমন্বয় জাবেদা

৮। নগদ বিক্রয় ৫০,০০০ টাকা, ধারে বিক্রয় ২০,০০০ টাকা, কারবারী বাট্টা ১০%, প্যাকিং ও বীমা খরচ ১০০০ টাকা। বিক্রয় বইতে কত টাকা লিখতে হবে?
(ক) ৬৪,০০০ টাকা
(খ) ১৯,০০০ টাকা
(গ) ৭০,০০০ টাকা
(ঘ) ৬৯,০০০ টাকা

৯। "বিক্রয় হিসাব"-এ সংরক্ষণ করা হয় কেবল-
i) ধারে বিক্রয় সংক্রান্ত লেনদেন
ii) নগদ বিক্রয় সংক্রান্ত লেনদেন
iii) বিক্রয় ফেরত সংক্রান্ত লেনদেন

**নিচের কোনটি সঠিক?**
(ক) i
(খ) i, ii
(গ) ii, iii
(ঘ) i, ii, iii

১০।"বিক্রয় বই" এ লিপিবদ্ধ হয় কেবল-
(ক) ধারে বিক্রয়
(খ) নগদ বিক্রয়
(গ) বিক্রয় ফেরত
(ঘ) নগদ ও ধারে বিক্রয় উভয়

**সৃজনশীল প্রশ্নঃ**

১১। স্বপ্না ট্রেডার্স, টাঙ্গাইল- এর নিম্নলিখিত তথ্যাবলী ধারে ক্রয় সংক্রান্তঃ-
২০১৫
মার্চঃ-১ হারুন এন্ড সন্স, নাগরপুরঃ- প্রতি টিন ৫,০০০ টাকা দরে ১০ টিন ঘি- ক্রয় চালান নং ১৫, কারবারী বাট্টা ১০%, বীমা খরচ ১০০০ টাকা।
মার্চঃ- ৩০ জলিল এন্ড সন্স, ঘাটাইলঃ- প্রতি কেজি ২,০০০ টাকা দরে ১০ কেজি মাখন ক্রয়। চালান নং ১৬,

কারবারী বাট্টা ৫%।

(ক) মোট পাওনাদারের পরিমান কত?

(খ) ক্রয় বহি তৈরি করুণ।

(গ) মোট পাওনাদারের জাবেদা ও সাধারণ খতিয়ান বই তৈরি করুণ।

১২। কবির এন্ড সন্স, মানিকগঞ্জঃ- এর নিম্নলিখিত লেনদেনগুলো ধারে বিক্রয় সংক্রান্ত ঃ-

২০১৫

এপ্রিলঃ- ১ জয়া ট্রেডার্স, দৌলতপুরঃ- প্রতি কেজি ১৪০ টাকা দরে ১০০ কেজি সরিষার তেল বিক্রয়। চালান নং ১, কারবারী বাট্টা ৫%, পরিবহন খরচ ৭০০ টাকা।

এপ্রিলঃ-৩০ ভবানী ট্রেডার্স, জামালপুরঃ- প্রতি কেজি ১২০ টাকা দরে ১০০ কেজি সোয়াবিন তেল বিক্রয়। চালান নং ২, কারবারী বাট্টা ৫% বিমা খরচ ১৪০০ টাকা।

(ক) বিবিধ দেনাদারের পরিমান কত?

(খ) বিক্রয় বহি প্রস্তুত করুন।

(গ) সহকারী খতিয়ান প্রস্তুত করুণ।

## পাঠ-৭.২ ক্রয় ফেরত বই ও বিক্রয় ফেরত বই

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- ক্রয় ফেরত ও বিক্রয় ফেরতের সংজ্ঞা লিখতে পারবেন।
- ডেবিট নোট ও ক্রেডিট নোট লিখতে পারবেন।
- কোন ধরনের লেনদেনগুলো ক্রয় ফেরত বহিতে এবং বিক্রয় ফেরত বহিতে লিপিবদ্ধ হবে তা লিখতে পারবেন।

**ক্রয় ফেরত বইঃ-** ক্রীত মাল নিম্মমান হওয়ার দারুণ মাল ফেরত দেওয়ার প্রশ্ন আসে। সুতরাং ক্রীত মাল ফেরত দেওয়ার সংঙ্গে সংঙ্গে যে বহিতে লেখা হয় তাকে ক্রয় ফেরত বই বা বহি: ফেরত বলে। ক্রয় ফেরত বইয়ের ছক ক্রয় বইয়ের অনুরূপ। এক্ষেত্রে চালান নং এর পরিবর্তে ডেবিট নোট নং লিখতে হয়। নিচে ক্রয় ফেরত বইয়ের নমুনা দেওয়া হলোঃ-

ক্রয় ফেরত বই

| তারিখ | বিবরণ | ডেবিট নোট নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

ডেবিট নোটঃ- ক্রীত মাল ফেরত পাঠানোর সময় সাদা কাগজে ছক কেটে বা ছাপানো ফরমে মালের দর, পরিমান এবং কারবারী বাট্টা সহ বিক্রেতাকে ডেবিট করে একটি নোট পাঠানো হয়। এই নোটকেই ডেবিট নোট বা দেনালিপি বলে। এটি ক্রেতা বিক্রেতার কাছে পাঠায়। নিচে ডেবিট নোটের নমুনা দেওয়া হলোঃ-

ডেবিট নোট

ক্রমিক নং ২৫

<table>
<tr><td>সাথী ট্রেডার্স<br>খিলক্ষেত<br>ঢাকা।</td><td>সাথী ট্রেডার্সের<br>হিসাব খাতকে ডেবিট করা হলো</td><td colspan="2">মাহী ট্রেডার্স<br>১০৫ কাওরান বাজার, ঢাকা।<br>তাংঃ ২১/০১/২০১৫</td></tr>
<tr><td>তারিখ</td><td>বিবরণ</td><td>বিস্তারিত টাকা</td><td>টাকা</td></tr>
<tr><td>২০১৫<br>জানুঃ- ২১</td><td>গত ১৫/০১/২০১৫ তারিখে ১০ নং চালান অনুযায়ী ধারে ক্রীত প্রতি কেজি ১২০ টাকা দরে ৫ কেজি মসুর ডাল নিম্মমানের বলে আপনার নিকট ফেরত পাঠানো হলো<br>বাদ -কারবারী বাট্টা ১০%</td><td>৬০০<br>৬০</td><td>৫৪০</td></tr>
<tr><td colspan="4">(পাঁচশত চল্লিশ টাকা মাত্র)<br>স্বাক্ষর<br><br>ম্যানেজার<br>ভুল-ত্রুটি সংশোধন যোগ্য<br>মাহী ট্রেডার্স।</td></tr>
</table>

উদাহরণঃ নিম্মলিখিত লেনদেনগুলো আদিল ট্রেডার্সের ক্রয় ফেরত/ বহিঃ ফেরত বইতে এবং খতিয়ানে স্থানান্তর করুণ।
২০১৫
মেঃ-১৫ কুমিল-ার রেজা ট্রেডার্সকে নিম্মমানের জন্য ২০০০ টাকা দরে ১০ মন চাল ফেরত দেওয়া হলো। কারবারী বাট্টা ১০%, ডেবিট নোট নং ২৬
মেঃ- ২৯ মুন্সীগঞ্জের, আবুল ব্রাদার্সকে নিম্মমানের জন্য ১২০ টাকা দরে ১০ কেজি সরিষার তেল ফেরত দেওয়া হলো। কারবারী বাট্টা ১০%, ডেবিট নোট নং ২৭
সমাধানঃ-

ক্রয় ফেরত বই

| তারিখ | বিবরণ | ডেবিট নোট নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৫<br>মেঃ- ১৫ | রেজা ট্রেডার্স, কুমিল্লাঃ- প্রতি মন ২,০০০ টাকা দরে ১০ মন চাল নিম্মমানের জন্য ফেরত<br>বাদ- কারবারী বাট্টা ১০% | ২৬ | | ২০,০০০<br>২,০০০ | ১৮,০০০ |
| মেঃ- ২৯ | আবুল ব্রাদার্স, মুন্সীগঞ্জঃ- প্রতি কেজি ১২০ টাকা দরে ১০ কেজি সরিষার তেল নিম্মমানের জন্য ফেরত<br>বাদ -কারবারী বাট্টা ১০% | ২৭ | | ১,২০০<br>১২০ | ১,০৮০<br>১৯,০৮০ |

জাবেদা

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেঃ | ক্রেঃ |
|---|---|---|---|---|
| | বিবিধ পাওনাদার হিঃ ডেঃ<br>ক্রয় ফেরত হিঃ ক্রেঃ | | ১৯,০৮০ | ১৯,০৮০ |

(ক) সাধারণ খতিয়ান

১। বিবিধ পাওনাদার হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫<br>মেঃ-৩০ | ক্রয় ফেরত হি ক্রেঃ | | ১৯,০৮০ | | | | |

২। ক্রয় ফেরত হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫<br>মেঃ-৩০ | বিবিধ পাওনাদার হিঃ ডে | | ১৯,০৮০ |

(খ) সহকারী খতিয়ান

১। রেজা ট্রেডার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫<br>মেঃ-১৫ | ক্রয় ফেরত হিঃ ক্রেঃ | | ১৮,০০০ | | | | |

২। আবুল ব্রাদার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ মেঃ- ২৯ | ক্রয় ফেরত হি ক্রেঃ | | ১০৮০ | | | | |

**বিক্রয় ফেরতঃ-** চাহিদা মোতাবেক পণ্য সরবরাহ না করা বা নিম্নমানের পণ্য বিক্রয়ের ফলে মাল ফেরত এর প্রশ্ন আসে। সুতরাং বিক্রিত পণ্য ফেরত পাওয়া গেলে যে বইতে লিপিবদ্ধ করা হয় তাকে বিক্রয় ফেরত বা আন্তঃ ফেরত বই বলে। এই বইয়ের ছক ক্রয় ফেরত বইয়ের অনুরূপ। তবে ডেবিট নোটের পরিবর্তে পাওনা লিপি বা ক্রেডিট নোট লিখতে হয়। বিক্রেতা ক্রেতাকে ক্রেডিট নোট পাঠিয়ে থাকে।

**ক্রেডিট নোটঃ-** ক্রেতা নিম্মমানের পণ্য ফেরত দেওয়ার সময় সাদা কাগজে বা ছাপানো ফরমে বিক্রেতা ক্রেতাকে ক্রেডিট করে যে চিঠি পাঠায় তাকে ক্রেডিট নোট বা পাওনা লিপি বলে।

ক্রেডিট নোট (নমুনা ছক)

ক্রমিক নং

মাহী ট্রেডার্স
১০৫ কাওরান বাজার,
ঢাকা
২৫/০১/২০১৫

মাহী ট্রেডার্সের হিসাবকে
ক্রেডিট করা হলো

সাথী ট্রেডার্স
৫ খিলক্ষেত, ঢাকা
তাংঃ

| তারিখ | বিবরণ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৫ জানুঃ-২৫ | গত ২১/০১/২০১৫ তারিখে ২৫ নং ডেবিট নোট মোতাবেক প্রতি কেজি ১২০ টাকা দরে ৫ কেজি মসুর ডালের বস্তা ফেরত পাওয়া গেল। | ৬০০ | |
| | বাদ- কারবারী বাট্টা ১০% | ৬০ | ৫৪০ |

পাঁচশত চল্লিশ টাকা মাত্র
স্বাক্ষর

ম্যানেজার
ভুল ত্রুটি সংশোধন যোগ্য
সাথী ট্রেডার্স

উদাহরণঃ নিম্মলিখিত লেনদেনগুলো মমতা ট্রেডার্সের বিক্রয় ফেরত বইতে লিখুন এবং খতিয়ানে স্থানান্তর করুণ।

২০১৫

জুনঃ-১৫ আহাদ ব্রাদার্স বগুড়াঃ- নিম্মমানের জন্য প্রতি গজ ৫০ টাকা দরে ২০০ গজ কাপড় ফেরত পওয়া গেল। কারবারী বাট্টা ১০%, ক্রেডিট নোট নং ৩০।

জুনঃ-২৮ এমদাদ ব্রাদার্স সিরাজগঞ্জঃ- নিম্মমানের জন্য প্রতি পিছ শাড়ী ১,০০০ টাকা করে ১০ পিছ শাড়ী ফেরত পাওয়া গেল। কারবারী বাট্টা ১০%, ক্রেডিট নোট নং ৩১।

সমাধানঃ-

মমতা ট্রেডার্সের বিক্রয় ফেরত বা আন্তঃ ফেরত বই

| তারিখ | বিবরণ | ক্রেডিট নোট নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৫<br>জুনঃ- ১৫ | আহাদ ব্রাদার্স, বগুড়াঃ- প্রতি গজ ৫০ টাকা দরে ২০০ গজ কাপড় নিম্নমানের জন্য ফেরত<br>বাদ কারবারী বাট্টা ১০% | ৩০ | | ১০,০০০<br>১,০০০ | ৯,০০০ |
| জুনঃ-২৮ | এমদাদ ব্রাদার্স, সিরাজগঞ্জঃ- প্রতি পিছ শাড়ী ১,০০০ টাকা করে ১০ পিছ শাড়ী নিম্নমানের জন্য ফেরত<br>বাদ -কারবারী বাট্টা ১০% | ৩১ | | ১০,০০০<br>১,০০০ | ৯,০০০ |
| মোট | | | | | ১৮,০০০ |

জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেঃ | ক্রেঃ |
|---|---|---|---|---|
| ২০১৫<br>জুনঃ- ৩০ | আন্তঃ ফেরত/ বিক্রয় ফেরত ডেঃ<br>বিবিধ দেনাদার/ প্রাপ্য হিঃ ক্রেঃ | | ১৮,০০০ | ১৮,০০০ |

(ক) সাধারণ খতিয়ান

১। বিক্রয় ফেরত হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫<br>জুনঃ- ৩০ | বিবিধ দেনাদার হিঃ ক্রেঃ | | ১৮,০০০ | | | | |

২। বিবিধ দেনাদার/ প্রাপ্য হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫<br>জুনঃ- ৩০ | বিক্রয় ফেরত হিঃ ডেঃ | | ১৮,০০০ |

(খ) সহকারী খতিয়ান

১. আহাদ ব্রাদার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫<br>জুনঃ- ১৫ | বিক্রয় ফেরত হিঃ ডেঃ | | ৯,০০০ |

২. এমদাদ ব্রাদার্স হিঃ

ডেঃ ক্রেঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা | তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৫ জুনঃ-২৮ | বিক্রয় ফেরত হিঃ ডেঃ | | ৯,০০০ |

**সৃজনশীল**

উদাহরণঃ- সমীর ট্রেডার্স এর ২০১৫ সালের জানুয়ারী মাসের লেনদেনসমুহ নিম্নরূপঃ-

২০১৫

জানুঃ-৭ ইমন ট্রেডার্স, সিরাজগঞ্জঃ- নিম্মমানের জন্য ৩,০০০ টাকার মাল ফেরত দেওয়া হলো।

জানুঃ-২৫ অনিক ব্রাদার্স, পাবনাঃ- ত্রুটিপূর্ণ মাল ফেরত দেওয়া হলো ১০০০ টাকা।

(ক) ৭ তারিখের লেনদেনটি হিসাব সমীকরণে প্রভাব দেখান।

(খ) ক্রয় ফেরত বই প্রস্তুত করুণ।

(গ) চলমান জের ছকে খতিয়ানভুক্ত করুণ।

সমাধানঃ- (ক) হিসাব সমীকরণে প্রভাবঃ-

| A | = | L+P |
|---|---|---|
| | = | -৩,০০০+৩,০০০ |

(খ) সমীর ট্রেডার্স এর ক্রয়/ বহিঃ ফেরত বই

| তারিখ | বিবরণ | ডেবিট নোট নং | খঃ পৃঃ | বিস্তারিত টাকা | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৫ জানুঃ- ৭ | ইমন ট্রেডার্স, সিরাজগঞ্জঃ- ক্রীত মাল ফেরত দেওয়া হলো। নিম্ম মানের জন্য | | | | ৩,০০০ |
| জানুঃ- ২৫ | অনিক ব্রাদার্স, পাবনাঃ- ক্রীত মাল ফেরত দেওয়া হলো (ত্রুটি পূর্ণ মাল) | | | | ১,০০০ |
| | মোট | | | | ৪,০০০ |

সমীর ট্রেডার্সের খতিয়ান বই

১। ক্রয় ফেরত হিঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০১৫ জানুঃ-৩১ | বিবিধ পাওনাদার হিঃ | | | ৪,০০০ | | ৪,০০০ |

২। ইমন ট্রেডার্স

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০১৫ জানুঃ-৭ | ক্রয় ফেরত হি | | ৩০০০ | | ৩০০০ | |

৩। অনিক ব্রাদার্স হিঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০১৫ জানুঃ-২৫ | বহি; ফেরত হিঃ | | ১,০০০ | | ১,০০০ | |

উদাহরণঃ- নিম্মলিখিত লেনদেনগুলো আরিফ এন্ড কোঃ এর বিক্রয় বইতে এবং খতিয়ান বইতে স্থানান্তর করুণ।

২০১৫
ফেব্রুঃ- ১২ বাবুল ট্রেডার্স, মধুপুরঃ- নষ্ট মাল ফেরত পাওয়া গেল ৫০০০ টাকা।
ফেব্রুঃ- ২৮ কাশেম এন্ড সন্স, ধনবাড়ীঃ- নমুনা মাফিক না হওয়ায় পণ্য ফেরত পাওয়া গেল ৩০০০ টাকা।
(ক) জাবেদা দাখিলা দিন।
(খ) সাধারণ খতিয়ানে লিপিবদ্ধ করুণ।
(গ) সহকারী খতিয়ানে লিপিবদ্ধ করুণ।

সমাধানঃ-

(ক) জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | খঃপৃঃ | ডেঃ | ক্রেঃ |
|---|---|---|---|---|
| ২০১৫ ফেব্রুঃ-২৮ | বিক্রয় ফেরত /আন্তঃ ফেরত ডেঃ<br>বিবিধ দেনাদার/ প্রাপ্য হি ক্রেঃ | | ৮০০০ | ৮০০০ |

(খ) সাধারণ খতিয়ান

১। বিক্রয় ফেরত হিঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০১৫ ফেব্রুঃ-২৮ | বিবিধ দেনাদার হিঃ | | ৮,০০০ | | ৮,০০০ | |

২। বিবিধ দেনাদার হিঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০১৫ ফেব্রুঃ-২৮ | বিক্রয় ফেরত হিঃ | | | ৮,০০০ | | ৮,০০০ |

(গ) সহকারী খতিয়ান

১। বাবুল ট্রেডার্স হিঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | ডেবিট | | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০১৫ ফেব্রুঃ-১২ | বিক্রয় ফেরত হিঃ | | | ৫০০০ | | ৫,০০০ |

২। কাশেম এন্ড সন্স হিঃ

| তারিখ | বিবরণ | জাঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেঃ | ক্রেঃ |
| ২০১৫ ফেব্রুঃ-২৮ | বিক্রয় ফেরত হিঃ | | | ৩,০০০ | | ৩,০০০ |

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**) /শিক্ষার্থীর কাজ** | কাল্পনিক ডেবিট নোট অংকন করুণ।<br>কাল্পনিক ক্রেডিট নোট অংকন করুণ। |

## সারসংক্ষেপঃ

বড় বড় প্রতিষ্ঠানে মাল ক্রয় বিক্রয়ের দরুণ খারাপ মাল ফেরতের প্রশ্ন আসে। তাই ক্রীত মাল ফেরত দেওয়া হলে ক্রয় ফেরত বইতে এবং বিক্রিত মাল ফেরত দেওয়া হলে বিক্রয় ফেরত বইতে লিপিবদ্ধ করতে হয়।

## পাঠোত্তর মূল্যায়ন-৭.২

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। ক্রীত পণ্য ফেরত যে বইতে লেখা হয় তাকে কী বলে?
(ক) বই ফেরত (খ) আন্তঃ ফেরত
(গ) বিক্রয় ফেরত (ঘ) ক্রয় বই

২। ডেবিট নোট কার নিকট প্রেরণ করা হয়?
(ক) কর্মচারীর নিকট (খ) বিক্রেতার নিকট
(গ) ক্রেতার নিকট (ঘ) মালিকের নিকট

৩। ধারে বিক্রিত পণ্য ফেরত পাওয়া গেলে কোন বইতে লেখা হয়?
(ক) ডেবিট নোট (খ) ক্রেডিট নোট
(গ) বহিঃ ফেরত বই (ঘ) আন্ড়ঃ ফেরত বই

৪। বিক্রয় ফেরত বইয়ে এন্ট্রি দেওয়ার সূত্র কোনটি?
(ক) চালান নং (খ) ডেবিট নোট
(গ) ক্রেডিট নোট (ঘ) ভাউচার

৫। কেয়া বিপনী বিতানের কাছ থেকে ৪০ টাকা দরে ১০০ গজ কাপড় ফেরত পাওয়া গেল। কারবারী বাট্টা ১০%। বিক্রয় ফেরতের পরিমান কত হবে ?
(ক) ৪,০০০ টাকা (খ) ৩,৬০০ টাকা
(গ) ৪,৪০০ টাকা (ঘ) ৩,৫০০ টাকা

৬। মাল ফেরত পাঠানোর সময় ক্রেতা বিক্রেতাকে যে নোট পাঠায় তা হচ্ছেঃ-

i) ডেবিট নোট ii) দেনালিপি iii) ক্রেডিট নোট

**নিচের কোনটি সঠিক ?**

(ক) i, ii (খ) i, iii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

৭। সহকারী খতিয়ান হিসাব প্রস্তুত করা যায় ঃ-

i) ক্রয় বই থেকে ii) বিক্রয় বই থেকে iii) নগদান বই থেকে

**নিচের কোনটি সঠিক ?**

(ক) i, ii (খ) i, iii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

**সৃজনশীল প্রশ্নঃ**

৮। মেসার্স আলম ব্রাদার্সের ২০১৫ সালের জানুয়ারী মাসের লেনদেনগুলো নিম্নরূপঃ-

২০১৫

জানুয়ারীঃ- ১০ কাশেম এন্ড সন্স, ভৈরবঃ- প্রতি গজ কাপড় ৫০ টাকা দরে ৫০ গজ কাপড় ফেরত দেওয়া হলে। ডেবিট নোট নং ১৩।

জানুয়ারীঃ- ২৯ মানিক ব্রাদার্স, হরিরামপুরঃ- প্রতি পিছ ১,০০০ টাকা দরে ২ পিছ শাড়ী ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং ২০।

(ক) ১০ তারিখের লেনদেন দ্বারা একটি ডেবিট নোট তৈরি করুণ।

(খ) ক্রয় বই প্রস্তুত করুন।

(গ) খতিয়ান বই তৈরি করুণ।

৯। সালমা ট্রেডার্স, গাজীপুর- এর লেনদেনগুলো নিম্নরূপঃ-

২০১৫

ফেব্রুঃ-৭ রফিক ট্রেডার্স, ঢাকাঃ- প্রতি লিটার ১৪০ টাকা দরে ১০ লিটার তেল ফেরত পাওয়া গেল। ক্রেডিট নোট নং ৫।

ফেব্রুঃ-২০ আলীম ব্রাদার্স, ঢাকাঃ- প্রতি কেজি ১২০ টাকা দরে ৫০ কেজি ডাল ফেরত পাওয়া গেল। ক্রেডিট নোট নং ৭।

(ক) ৭ তারিখের লেনদেন দ্বারা একটি ক্রেডিট নোট তৈরি করুণ।

(খ) বিক্রয় ফেরত বই তৈরি করুণ।

(গ) খতিয়ান বই প্রস্তুত করুণ।

## পাঠ-৭.৩ নগদান বই ও সাধারণ জাবেদা

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- নগদান বই এর সংজ্ঞা লিখতে পারবেন।
- সাধারণ জাবেদা বা প্রকৃত জাবেদার সংজ্ঞা লিখতে পারবেন।
- কোন কোন লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ হবে তা চিহ্নিত করতে পারবেন।

**নগদান বইঃ-** ব্যবসায় প্রতিষ্ঠান প্রতিদিন নগদ টাকার আদান প্রদান হয়ে থাকে তা এই বইতে লিপিবদ্ধ করা হয়। সুতরাং নগদ সংক্রান্ত লেনদেনসমুহ যে বইতে লেখা হয় তাকে নগদান বই বলে। নগদান বই সম্পর্কে ইউনিট ৯ এ বিস্তারিত আলোচনা করা হয়েছে।

সাধারণ বা প্রকৃত জাবেদাঃ- বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠানসমুহে প্রতিদিন অনেক লেনদেন সংঘটিত হয়ে থাকে। হিসাব রক্ষকের পক্ষে এই লেনদেনসমুহ একা লিপিবদ্ধ করা কষ্টসাধ্য হয়ে উঠে। কাজেই এইরূপ প্রতিষ্ঠানসমুহ বিশেষ ধরণের জাবেদা বই সংরক্ষণ করে থাকেন।

সুতরাং যে সকল লেনদেনসমুহ বিশেষ জাবেদায় লিপিবদ্ধ হয় না তাকে প্রকৃত জাবেদা বা সাধারণ জাবেদা বলে। নিম্মলিখিত লেনদেনগুলো সাধারন জাবেদায় লিপিবদ্ধ হয়ে থাকেঃ-

১। প্রারম্ভিক দাখিলা
২। সমাপনী দাখিলা
৩। সমন্বয় দাখিলা
৪। সংশোধনী দাখিলা
৫। স্থানান্ড়র দাখিলা
৬। সম্পত্তি ক্রয় বিক্রয় সংক্রান্ত দাখিলা
৭। বিপরীত দাখিলা ইত্যাদি।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**) /শিক্ষার্থীর কাজ** | প্রারম্ভিক মজুদ ও প্রারম্ভিক নগদ তহবিল কোন ধরনের জাবেদায় লিপিবদ্ধ হবে? করিমের নিকট হতে মাল ক্রয় করে করিমের হিসাবে ডেবিট করা হয়েছে এটি কোন ধরনের জাবেদায় লিপিবদ্ধ হবে? |

### সারসংক্ষেপ:

হিসাব কালের শুরুতে হিসাবসমূহের উদ্বৃত্ত নিয়ে হিসাব আরম্ভ করতে হয় এবং হিসাব কাল শেষে বকেয়া বা অগ্রীমসমূহ সমন্বয় করে কারবারের প্রকৃত লাভ-লোকসান নির্ণয় করতে হয়।

### পাঠোত্তর মূল্যায়ন-৭.৩

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। কেনটি বিশেষ জাবেদা বহি?
(ক) রেওয়ামিল
(খ) সমন্বয় দাখিলা
(গ) ক্রয় বই
(ঘ) সমাপনী জাবেদা

২। প্রকৃত জাবেদার অপর নাম কোনটি?
(ক) সাধারণ জাবেদা
(খ) বিশেষ জাবেদা
(গ) সহকারী বই
(ঘ) সমন্বয় জাবেদা

৩। সাধারন জাবেদার অন্তর্ভূক্ত হয়ঃ-

i) কূ-ঋণ হিসাব
ii) ভূমি ক্রয়
iii) আসবাবপত্র ক্রয়

নিচের কোনটি সঠিক?

(ক) i, ii (খ) i,iii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

## উত্তরমালা

পাঠোত্তর মূল্যায়ন - ৭.১ : ১. খ ২. ক ৩. ঘ ৪. গ ৫. খ ৬. খ ৭. গ ৮. খ ৯. ক ১০. ক

পাঠোত্তর মূল্যায়ন - ৭.২ : ১. ক ২. খ ৩. ঘ ৪. গ ৫. খ ৬. ক ৭. ক

পাঠোত্তর মূল্যায়ন - ৭.৩ : ১. গ ২. ক ৩. ঘ